৩৭

তারিখ 24 MAY 1996
পৃষ্ঠা ৫ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# নদী ভাঙ্গনে প্রাথমিক স্কুল হুমকির মুখে

মাদারীপুর সংবাদদাতা ॥ পদ্মা ও আড়িয়াল খাঁয় পানি বৃদ্ধি পাওয়ায় জেলার বিভিন্ন এলাকায় ভাঙ্গন শুরু হইয়াছে। আড়িয়াল খাঁর ভাঙ্গনে মাদারীপুর থানার পাঁচখোলা মৌলভীবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি হুমকির সম্মুখীন। জরুরী ভিত্তিতে বিদ্যালয়টি অন্যত্র সরাইয়া নেওয়া না হইলে যে কোন সময় নদীগর্ভে বিলীন হইয়া যাইতে পারে।

পদ্মায় পানি বৃদ্ধি পাওয়ায় শিবচর থানার মাদবরেরচর, বন্দরখোলা ও কাঁঠালবাড়ী এলাকায় ভাঙ্গন শুরু হইয়াছে। দিন দিন ভাঙ্গনের তীব্রতা বৃদ্ধি পাইয়া চলিয়াছে। এইদিকে মাদারীপুর থানার লক্ষ্মীপুর, চরলক্ষ্মীপুর ও রঘুরামপুর এলাকায় আড়িয়াল খাঁয় ভাঙ্গন শুরু হইয়াছে।